রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১০, ২০১৭

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

আগারগাঁও, ঢাকা।

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ/১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭-১৪৬।—অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের অন্যতম শর্ত হল একজন সঠিক ভোটারকে সনাক্তকরণের মাধ্যমে রেজিস্ট্রেশনপূর্বক যথাযথভাবে ভোটার তালিকা প্রণয়ন করা। বিভিন্ন কারণে যারা এখনো নিবন্ধিত হননি কিন্তু জন্ম তারিখ ১/১/২০০০ বা তার পূর্বে তাদের নিবন্ধনের লক্ষ্যে নির্বাচন কমিশন ছবিসহ ভোটার তালিকা হালনাগাদের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত কার্যক্রমের আওতায় আগামী ২৫ জুলাই, ২০১৭ তারিখ হতে শুরু হয়ে ৯ আগস্ট, ২০১৭ পর্যন্ত তথ্যসংগ্রহ চলবে। উল্লেখ্য, যাদের জন্ম ০১ জানুয়ারি ২০০০ বা তার পূর্বে অথচ ভোটার তালিকা হালনাগাদের বিগত কার্যক্রমে বাদ পড়েছেন তাদের নিবন্ধনের জন্য বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। নিবন্ধন ফরম (ফরম-২) সংগ্রহ করে জন্ম নিবন্ধন সনদ/এস এস সি/সমমানের সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় অন্যান্য কাগজাদিসহ ফরমের সাথে সুতা দিয়ে গেঁথে রেখে নিবন্ধন সম্পন্ন করবেন। ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু, সুন্দর, নির্ভুল ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে নিম্নরূপ সমন্বয় কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক। **কেন্দ্রীয় সমন্বয় কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১ | সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৩ | বিভাগীয় কমিশনার (সকল) | সদস্য |
| ৪ | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |



**মূল্য ঃ** টাকা ১২.০০

| | | |
|---|---|---|
| ৫ | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৬ | প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৭ | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৮ | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৯ | যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ১০ | মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ১১ | প্রতিনিধি, পুলিশ সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ১২ | প্রতিনিধি, আনসার-ভিডিপি সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ১৩ | মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ১৪ | সিস্টেম ম্যানেজার, আইসিটি/এনআইডি উইং, ঢাকা | সদস্য |
| ১৫ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল) | সদস্য |
| ১৬ | উপ প্রকল্প পরিচালক, IDEA প্রকল্প | সদস্য |
| ১৭ | উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ১৮ | পরিচালক (অপারেশনস), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | **সদস্য-সচিব** |

**কমিটির কর্ম পরিধিঃ**

(১) কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(২) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থার সাথে সমন্বয় সাধন;

(৩) নির্বাচন কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত এ সংক্রান্ত বিভিন্ন নির্দেশাবলি যথাযথভাবে প্রতিপালন করা;

(৪) ভোটার হালনাগাদ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে নির্বাচন কমিশনকে নিয়মিত অবহিত করা;

(৫) সুষ্ঠুভাবে কার্য পরিচালনার জন্য কেন্দ্রীয় কমিটি প্রয়োজনে বিভিন্ন সাব-কমিটি গঠন করে দায়িত্ব প্রদান করতে পারবে।

খ। **বিভাগীয় কমিটির গঠনঃ**

| | | |
|---|---|---|
| ০১ | বিভাগীয় কমিশনার | আহবায়ক |
| ০২ | উপ মহাপুলিশ পরিদর্শক | সদস্য |
| ০৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ০৪ | জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল) | সদস্য |
| ০৫ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ০৬ | পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৭ | পরিচালক, স্বাস্থ্য | সদস্য |
| ০৮ | পরিচালক, পরিবার পরিকল্পনা | সদস্য |
| ০৯ | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ১০ | পরিচালক, আনসার ভিডিপি অধিদপ্তর | সদস্য |
| ১১ | উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১২ | উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৩ | বিভাগীয় পর্যায়ের প্রয়োজনীয় অন্যান্য কর্মকর্তা | সদস্য |
| ১৪ | প্রতিনিধি সিভিল সোসাইটি (৩-৫ জন) | সদস্য |
| ১৫ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সংশ্লিষ্ট অঞ্চল) | **সদস্য-সচিব** |

গ। **জেলা সমন্বয় কমিটির গঠনঃ**

| | | |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | আহবায়ক |
| ০২ | পুলিশ সুপার | সদস্য |
| ০৩ | সিভিল সার্জন | সদস্য |
| ০৪ | উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৫ | জেলা সদরের পৌর মেয়র | সদস্য |
| ০৬ | উপ পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| ০৭ | জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৮ | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৯ | উপ পরিচালক, সমাজ সেবা | সদস্য |
| ১০ | উপ পরিচালক, যুব উন্নয়ন | সদস্য |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল) | সদস্য |
| ১২ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১৩ | জেলা কমান্ড্যান্ট, আনসার-ভিডিপি | সদস্য |
| ১৪ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৫ | আঞ্চলিক পরিসংখ্যান অফিসার | সদস্য |
| ১৬ | জেলা তথ্য অফিসার | সদস্য |
| ১৭ | উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৮ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৯ | প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ২০ | প্রতিনিধি, পার্বত্য জেলা পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | প্রতিনিধি, সিভিল সোসাইটি (৩-৫ জন) | সদস্য |
| ২২ | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব | সদস্য |
| ২৩ | সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার | **সদস্য-সচিব** |

ঘ। **উপজেলা সমন্বয় কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ০৩ | পৌর মেয়র/প্রতিনিধি | সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| ০৫ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৬ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৮ | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ০৯ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার | সদস্য |
| ১০ | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১২ | উপজেলা পরিসংখ্যান অফিসার | সদস্য |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৮ | উপজেলা আনসার-ভিডিপি অফিসার | সদস্য |
| ১৯ | প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ২০ | প্রতিনিধি, পার্বত্য জেলা পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ২২ | বার সমিতি, প্রেস ক্লাব, ইমাম সমিতি/শিক্ষক সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৩ | প্রতিনিধি, সিভিল সোসাইটি (৩-৫ জন) | সদস্য |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিসার | **সদস্য-সচিব** |

ঙ। **সিটি কর্পোরেশন সমন্বয় কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ০১ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সংশ্লিষ্ট নির্বাচনী বিভাগ | আহবায়ক |
| ০২ | মেট্রোপলিটন পুলিশ কমিশনারের একজন প্রতিনিধি (অতিরিক্ত উপ পুলিশ কমিশনারের নীচে নয়) | সদস্য |
| ০৩ | সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি (সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ০৪ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর একজন প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ০৫ | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর একজন প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| ০৬ | প্রতিনিধি, সিভিল সোসাইটি | সদস্য |
| ০৭ | সংশ্লিষ্ট সাধারণ ও সংরক্ষিত আসনের কাউন্সিলর | সদস্য |
| ০৮ | সংশ্লিষ্ট থানা নির্বাচন অফিসার | সদস্য |
| ০৯ | সুবিধাজনক অন্যান্য কর্মকর্তা | সদস্য |
| ১০ | সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার | **সদস্য-সচিব** |

চ। **ক্যান্টনমেন্ট বোর্ড এলাকার সমন্বয় কমিটির গঠনঃ**

| | | |
|---|---|---|
| ০১ | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার | আহবায়ক |
| ০২ | সামরিক ভূমি অধিদপ্তর/সামরিক ভূ-সম্পত্তি দপ্তর এর একজন কর্মকর্তা | সদস্য |
| ০৩ | সশস্ত্র বাহিনীর প্রতিনিধি | সদস্য |
| ০৪ | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন/নিকটস্থ শিক্ষা/পরিসংখ্যান/অন্যান্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার | **সদস্য-সচিব** |

**<u>সমন্বয় কমিটিসমূহের কার্যপরিধি :</u>**

(১) ছবিসহ ভোটার তালিকা হালনাগাদকরণ কার্যক্রমে রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসারের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করা;

(২) প্রয়োজনীয় জনবল, যানবাহন ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদির মাধ্যমে চাহিদা মোতাবেক রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসারকে সহযোগিতা প্রদান করা;

(৩) ভোটার রেজিস্ট্রেশনের জন্য বাড়ি বাড়ি গমন করে তথ্য সংগ্রহকারীগণ নিবন্ধন ফরম পূরণ এবং রেজিস্ট্রেশন কেন্দ্রে এসে ছবি তুলতে বা এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণে কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তা সুরাহা করা;

(৪) যন্ত্রপাতি ও প্রযুক্তি সঠিক আছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(৫) যন্ত্রপাতি ব্যবহারে অপারেটরগণ কোন সমস্যার সম্মুখীন হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা;

(৬) হালনাগাদকরণ কার্যক্রমে দায়িত্ব পালনকারীদের মধ্যে সমন্বয় ঠিকমত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(৭) তথ্য সংগ্রহকারী ও অন্যান্য জনবল নিয়োগ এবং তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করা;

(৮) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষক বিশেষ করে তথ্য সংগ্রহ ও সুপারভাইজিং কাজে নিয়োজিত ব্যক্তিগণকে সার্বক্ষণিকভাবে এ সংক্রান্ত কাজে ন্যস্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ করা;

(৯) ইউনিয়ন পরিষদ/পৌরসভা বা কোন ওয়ার্ড ও ভোটার এলাকার সীমানা নির্দিষ্ট করতে কোন সমস্যা হলে সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনার মাধ্যমে বিধি বিধান অনুযায়ী সমাধান করা;

(১০) হালনাগাদকরণ কার্যক্রম উপলক্ষ্যে গৃহীত প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান করা;

(১১) হালনাগাদকরণে সকলকে উদ্বুদ্ধকরণ, গণসচেতনতা সৃষ্টি ও প্রচার কাজে মসজিদ, মন্দিরসহ বিভিন্ন ধর্মীয় উপসনালয়কে সম্পৃক্তকরণের ব্যবস্থা করা;

(১২) হালনাগাদকরণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা;

(১৩) যাচাই কার্যক্রম সঠিকভাবে পরিপালনের লক্ষ্যে ইউনিয়ন/পৌরসভায় তত্ত্বাবধান-তদারক টিম গঠন করা;

(১৪) হালনাগাদকরণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি মূল্যায়ন করা এবং মূল্যায়ন প্রতিবেদন সময়ে সময়ে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করা;

(১৫) নির্বাচন কমিশন কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত এ সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করা;

(১৬) সমন্বয় কমিটি প্রতি সপ্তাহে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম প্রতিবেদন আকারে নির্বাচন কমিশন সচিবালয়কে প্রেরণ করবে।

ছ। **বিশেষ এলাকার জন্য বিশেষ কমিটি :**

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা | আহবায়ক |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ০৫ | বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিনিধি | সদস্য |
| ০৬ | বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি | সদস্য |
| ০৭ | প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি | সদস্য |
| ০৮ | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি | সদস্য |
| ০৯ | স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি | সদস্য |
| ১০ | প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |

| | | |
|---|---|---|
| ১১ | হেড ম্যান (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ১২ | কারবারী (পার্বত্য জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ১৩ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ১৪ | উপজেলা নির্বাচন কর্মকর্তা | **সদস্য-সচিব** |

**বিশেষ কমিটির কার্যপরিধি :**

(১) বিশেষ তথ্য ফরমে প্রদত্ত সকল জাতীয় পরিচয়পত্রের NID নম্বরসমূহ Online যাচাই করবেন। যাচাইকালে নিম্নলিখিত বিষয়াদি পর্যবেক্ষণ করবেনঃ

(ক) ভাই/বোনের ডাটাবেইজে পিতা/মাতার নামের সাথে আবেদনকারীর ফরম-১ এ উল্লিখিত পিতা/মাতার নামের মিল থাকতে হবে।

(খ) চাচা/ফুফুর ডাটাবেজে তাদের পিতার নাম ও ঠিকানার সাথে আবেদনকারীর বিশেষ তথ্য ফরমে প্রদত্ত পিতামহের নাম ও ঠিকানার মিল থাকতে হবে।

(গ) বর্তমান ঠিকানার বিবরণ সঠিক থাকতে হবে।

(ঘ) প্রয়োজনে নিকট আত্মীয়ের মোবাইল নম্বরে কথা বলে তাদের পরিচিতি/তথ্য সম্পর্কিত বিষয়ে নিশ্চিত হতে হবে।

(২) ভোটার তালিকা আইন, ২০০৯ অনুযায়ী ভোটার হতে ইচ্ছুক উপযুক্ত ব্যক্তিকে বাংলাদেশের কোথাও "সচরাচর নিবাসী" হতে হবে। নির্বাচন কমিশন কর্তৃক জারিকৃত পরিপত্রে উল্লিখিত জেলাসমূহে যদি কেউ সচরাচর নিবাসের দাবি করে তবে সেই দাবির যথার্থতা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করতে হবে। শুধু একটি নিবাসের ঠিকানাই এ জন্য যথেষ্ট হবে না। নিবাসের প্রমাণস্বরূপ তাকে এ সংক্রান্ত প্রণীত অতিরিক্ত তথ্য সংগ্রহ ফরম অনুযায়ী চাহিত সব তথ্য প্রদান করতে হবে।

(৩) যদি বর্ণিত জেলাসমূহে এই সমস্ত ব্যক্তি নিজস্ব সম্পত্তির সূত্রে তালিকাভুক্তির দাবি করে তবে তাদের সম্পত্তির মালিকানা ও এতদসংক্রান্ত অন্যান্য তথ্য সংশ্লিষ্ট দলিলাদির তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।

(৪) যারা বাংলাদেশী কোন নাগরিকের সাথে বৈবাহিক সূত্রে ভোটার তালিকাভুক্তির দাবি করবেন তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নাগরিক সনদপত্রসহ দলিলাদির তথ্য সংগ্রকারীকে প্রদান করতে হবে।

(৫) অন্য কোন সূত্রে কেউ ভোটার হওয়ার উপযুক্ত দাবি করলে তাদেরকে এতদসম্পর্কিত প্রমাণাদি তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।

(৬) তথ্য সংগ্রহকারীগণ প্রতিটি বাড়ি বাড়ি গিয়ে ফরম-১ এর সাথে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের আওতায় অতিরিক্ত তথ্য ফরম (কপি সংযুক্ত) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় দালিলিক কাগজপত্রসহ প্রতিটি কেস উপজেলা নির্বাচন অফিসারের নিকট জমা দিবেন। পরবর্তীতে উপজেলা নির্বাচন অফিসার উল্লিখিত কাগজপত্রাদি উপজেলা বিশেষ কমিটির নিকট উপস্থাপন করবেন।

(৭) উপজেলা বিশেষ কমিটি প্রতিটি ফরম পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাইপূর্বক সিদ্ধান্ত প্রদান করবেন। গ্রহণযোগ্য কেসগুলিতে উপজেলা বিশেষ কমিটির ইতিবাচক সিদ্ধান্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারকে অবহিত করার পর তিনি ঐ সমস্ত নাগরিকদের ভোটার তালিকাভুক্ত করার জন্য দিনক্ষণ নির্ধারণপূর্বক নিবন্ধন কেন্দ্রে তাদের আগমনের জন্য নোটিশ জারী করবেন। যাদের কেস গ্রহণ করা হবে না, কি কারণে তা গ্রহণ করা হলো না, প্রতিটি কেসের জন্য নোটশীটে জেলা কমিটির সদস্যদের স্বাক্ষরে তা লিপিবদ্ধ করতে হবে। এছাড়া উপজেলা নির্বাচন অফিসার নিষ্পত্তির বিষয়টি প্রতিটি বিশেষ তথ্য ফরম (ফরম-১ এর অতিরিক্ত তথ্য)-এর ১৬নং ক্রমিকে বিশেষ কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধ করবেন।

(৮) যারা ২০০৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে ভোট দেওয়ার জন্য ২০০৭-২০০৮ সময়কালে ভোটার তালিকাভুক্ত হয়েছেন কিংবা যাদের অনুকূলে বাংলাদেশের পাসপোর্ট জারী করা হয়েছে তাদের জন্য ৪নং অনুচ্ছেদে বর্ণিত বিধান প্রযোজ্য হবে না।

(৯) উপজেলা বিশেষ কমিটি যাদের আবেদন বাতিল করবে, সংক্ষুব্ধ ব্যক্তি খসড়া তালিকা প্রকাশের পর উক্ত বিষয়ে বিশেষ কমিটির সিদ্ধান্তের অনুলিপি নিয়ে সংশোধনী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন।

**রৌশন আরা বেগম**
সহকারী সচিব (নিঃসঃ-২)।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd